# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
কৃষি ও পল্লী ঋণ বিভাগ

**Financial Literacy Wing**

www.krishibank.org.bd

সূত্রনং-প্রকা/কৃপবি-৩৫২/২০২৪-২৫/ ৬৬৮ তারিখঃ ২৩/১০/২০২৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/ স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখাব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ Financial Literacy Guidelines for Banks and Financial Institutions এর আওতায় আর্থিক সাক্ষরতা বিষয়ক Dedicated Notice Board/Corner স্থাপন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট এর ০২ জুন ২০২৪ তারিখ এর পত্র নং এফআইডি/২০৩/০২/০২/২০২৪-২৩৯৫ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশের সার্বিক আর্থিক অন্তর্ভুক্তি সম্প্রসারণের লক্ষ্যে ২৭ মার্চ ২০২২ তারিখে বাংলাদেশ ব্যাংক, ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট কর্তৃক জারিকৃত এফআইডি সার্কুলার নং-০১ এর মাধ্যমে Financial Literacy Guidelines for Banks and Financial Institutions জারি করা হয়। বর্ণিত গাইডলাইন্সের অনুচ্ছেদ নং ৫.২.১১ এ আর্থিক সাক্ষরতা বিষয়ক বিভিন্ন বিষয়বস্তু প্রচারণার লক্ষ্যে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের শাখা/উপশাখা/ইউনিট অফিস/এজেন্ট ব্যাংকিং আউটলেট এ **Dedicated Notice Board/Corner** স্থাপন করার নিম্নরূপ নির্দেশনা রয়েছে- "FLPs shall place a dedicated notice board/corner containing financial literacy materials at every branch/sub-branch/unit office/agent outlet and update the notice board/corner on a regular basis."

০৩। উল্লিখিত **Dedicated Notice Board/Corner** স্থাপন করে সেখানে আর্থিক সাক্ষরতা বিষয়ক বিভিন্ন বিষয়বস্তু (যেমন: থিম সংক্রান্ত ক্যাম্পেইন, আর্থিক সাক্ষরতা দিবস, আর্থিক সাক্ষরতা সপ্তাহ, সাধারণ আর্থিক সাক্ষরতা কার্যক্রম ইত্যাদি) সম্পর্কিত নোটিশ ও প্রচারণা কার্যক্রম চালাতে হবে।

০৪। এমতাবস্থায়, সংশ্লিষ্ট বিষয়ে নিম্নোক্ত ব্যবস্থাসমূহ গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়েছে:

ক) গাইডলাইন্সের নির্দেশনার আলোকে আর্থিক সাক্ষরতা বিষয়ক বিভিন্ন বিষয়বস্তু প্রচারণার লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক এর সকল শাখা/ উপশাখা এবং ইউনিট অফিসসমূহে ব্যয় সাশ্রয়ীভাবে **Dedicated Notice Board/Corner** স্থাপন করা; এবং

খ) প্রত্যেকটি শাখা/ উপশাখা ও ইউনিট অফিসে **Dedicated Notice Board/Corner** স্থাপন নিশ্চিত করে বিভাগীয় কার্যালয় সমূহ হতে দুইজন অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষরসহ প্রত্যয়নপত্র আগামী ১০ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে সফট কপি ই-মেইল (dgmppd@krishibank.org.bd) এর মাধ্যমে এবং হার্ডকপি অত্র বিভাগে প্রেরণ করার জন্য বিভাগীয় কার্যালয় সমূহকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৩/১০/২৪
(সোহরাব জাকির)
উপমহাব্যবস্থাপক
ই-মেইলঃdgmppd@krishibank.org.bd

সূত্র নং-প্রকা/কৃপবি-৩৫২/২০২৪-২৫/ ৬৬৮ তারিখঃ ২৩/১০/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপর্যুক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

২৩/১০/২০২৪
(মোহাম্মদ শরিফুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট

সূত্র নংঃ এফআইডি/২০৩/০২/০২/২০২৪/২৩৯৫

তারিখঃ ০২ জুন ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৪, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

প্রিয় মহোদয়,

**Financial Literacy Guidelines for Banks and Financial Institutions এর আওতায় আর্থিক সাক্ষরতা বিষয়ক Dedicated Notice Board/Corner স্থাপন প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এ বিভাগ কর্তৃক ২৭ মার্চ ২০২২ তারিখে জারিকৃত এফআইডি সার্কুলার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। দেশের সার্বিক আর্থিক অন্তর্ভুক্তি সম্প্রসারণের লক্ষ্যে উল্লিখিত সার্কুলারের মাধ্যমে Financial Literacy Guidelines for Banks and Financial Institutions জারি করা হয়। উক্ত নীতিমালার অনুচ্ছেদ নং-৫.২.১১ এ আর্থিক সাক্ষরতা বিষয়ক বিভিন্ন বিষয়বস্তু প্রচারণার লক্ষ্যে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের শাখা/উপশাখা/ইউনিট অফিস/এজেন্ট ব্যাংকিং আউটলেটে Dedicated Notice Board/Corner স্থাপন করার নির্দেশনা রয়েছে।

৩। এমতাবস্থায়, উল্লিখিত নীতিমালায় বর্ণিত নির্দেশনার আওতায়, আর্থিক সাক্ষরতা বিষয়ক বিভিন্ন বিষয়বস্তু প্রচারণার লক্ষ্যে আপনাদের প্রতিষ্ঠানের সকল শাখা/উপশাখা/ইউনিট অফিস/এজেন্ট ব্যাংকিং আউটলেটে ব্যয় সাশ্রয়ীভাবে Dedicated Notice Board/ Corner স্থাপনকরতঃ ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মোশারফ হোসেন)
যুগ্মপরিচালক
ফোন-০১৭১২ ৮২৭ ১২৮
ই-মেইলঃ md.mosharaf@bb.org.bd